

ফরেক্সমার্ট পার্টনারশিপ চুক্তি

সূচিপত্র

১. আইনি তথ্য	২
২. ভূমিকা	৩
৩. সাধারণ নিয়মাবলী	৩
৪. চুক্তির সূচনা ও বৈধতা	৪
৫. গ্রাহকের সাথে যোগাযোগ	৪
৬. পার্টনারের অধিকার ও বাধ্যবাধকতা	৬
৭. কোম্পানির অধিকার ও বাধ্যবাধকতা	৭
৮. বিরোধ নিষ্পত্তি	৮
৯. পার্টিসমূহের পারস্পরিক যোগাযোগ	৯
১০. পার্টনারের কমিশন প্রদানের শর্তাবলী	১০
১১. সংশোধন ও সমাপ্তি	১২

পার্টনারশিপ চুক্তিপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, প্রথম পক্ষ ট্রেডোমার্ট এসভি লিমিটেড, যা সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইনের আইনের অধীনে নিবন্ধিত, যার নিবন্ধন নম্বর 23071 আইবিসি 2015, প্রধান কার্যালয় সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রেনাডাইনসের শ্যামর ক লজ, মারে রোড, কিংস্টনে অবস্থিত এবং অপর পক্ষ হিসাবে _____, আইডি / পাসপোর্ট নং _____ ঠিকানা _____, অথবা _____, যা _____ আইনের অধীনে যথাযথভাবে নিবন্ধিত এবং বিদ্যমান রয়েছে, এবং যার নিবন্ধন ঠিকানা _____ (এরপর থেকে পার্টনার হিসাবে উল্লেখ করা হয়েছে), উভয় পক্ষই নিম্নোক্ত শর্তসমূহ মেনে নিতে সম্মত হয়েছে।

সংজ্ঞা

স্পষ্টভাবে ভিন্নভাবে উল্লেখ না থাকলে, এই পার্টনারশিপ চুক্তিতে নিম্নলিখিত শর্তাবলী নিম্নরূপে বর্ণনা করা হবে:

"ব্যানার" মানে একটি ব্লক বিজ্ঞাপন যেখানে কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটের একটি লিঙ্ক রয়েছে।

"ক্লায়েন্ট" বা "গ্রাহক" মানে এমন কোন ব্যক্তি যিনি তার একটি অ্যাকাউন্টের মাধ্যমে এবং গ্রাহক চুক্তির সাপেক্ষে কোম্পানি বা প্রতিষ্ঠানের পণ্য এবং পরিষেবা ব্যবহার করেন।

"গ্রাহক চুক্তি" মানে কোম্পানির অফিসিয়াল নথি, যার শর্তাবলীর উপর ভিত্তি করে কোম্পানিতে একাউন্ট খোলার পর গৃহীত গ্রাহক ও কোম্পানির মধ্যে চুক্তি নির্দেশ করে। অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের প্রাসঙ্গিক লিঙ্ক হল পার্টনারের অ্যাকাউন্ট যা কোম্পানি কর্তৃক চুক্তি অনুযায়ী কমিশন প্রদানের জন্য খোলা হয়েছে।

"অফিসিয়াল ওয়েবসাইট" মানে কোম্পানির ওয়েবসাইট যা উল্লিখিত ডোমেইন নামের অধীনে www.forexmart.com এবং অন্যান্য ডোমেইন যা কোম্পানি ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষায় পরিচালনা করে।

"পার্টনার" বলতে এমন কোন ব্যক্তি বা আইনগতভাবে বৈধ সংস্থাকে বোঝানো হবে, যে বা যা কোম্পানির সাথে পার্টনারশিপ চুক্তি করেছে, যার সাধারণ উদ্দেশ্য হল গ্রাহককে কোম্পানির কাছে রেফার করা এবং যিনি পার্টনারশীপ চুক্তির অধীন।

"পার্টনার (এফিলিয়েটেড) গ্রুপ" গ্রাহকদের একটি দল যাদেরকে কোন পার্টনার কোম্পানিতে রেফার করেছেন।

"পার্টি" বলতে কোম্পানী, পার্টনার এবং গ্রাহককে বুঝাবে।

"ট্রেডমার্ক" বলতে সংশ্লিষ্ট আইনের অধীনে সুরক্ষিত কোম্পানির সমস্ত নিবন্ধিত ট্রেডমার্ক ("ফরেক্সমার্ট", "ট্রেডোমার্ট"), লোগো এবং কোম্পানির মালিকানাধীন ব্র্যান্ডগুলো সহ অন্যান্য সমস্ত সম্পর্কিত ট্রেডমার্কসমূহ, যা স্থানীয় বা আন্তর্জাতিক হতে পারে।

১. আইনি তথ্য

১.১ ফরেক্সমার্ট (এখানে 'ফরেক্সমার্ট' বা 'কোম্পানি' বা 'আমরা' হিসাবে উল্লেখ করা হয়েছে) একটি বিনিয়োগ প্রতিষ্ঠান, যা বিশ্বব্যাপী পরিচালিত হয়।

১.২ ট্রেডোমার্ট এসভি লিমিটেড হচ্ছে সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনাডাইন আইনের অধীনে অন্তর্ভুক্ত নিবন্ধন নম্বর ২৩০৭১ আইবিসি ২০১৫, যার প্রধান কার্যালয় সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রেনাডাইনসের শ্যামরক লজ, মারে রোড, কিংস্টনে অবস্থিত।

১.৩ পার্টনার (এখানে 'আপনি' বা সংশ্লিষ্ট 'পার্টনার' বোঝানো হয়েছে) স্বীকার করছে যে কোম্পানির দাপ্তরিক ভাষা ইংরেজি।

২. ভূমিকা

২.১ এই পার্টনারশিপ চুক্তি সংশ্লিষ্ট পার্টনার এবং কোম্পানির মধ্যে প্রণয়ন করা হয়েছে।

২.২ এই পার্টনারশিপ চুক্তি সংশ্লিষ্ট পার্টনার এবং কোম্পানির মধ্যে সম্পর্কের মানদণ্ড নির্ধারণ করে। পার্টনার এবং কোম্পানির মধ্যে করা কোনো পূর্ব চুক্তি বা ব্যবস্থা দ্বারা এটি সংশোধন বা বাতিল করা যাবে না।

২.৩ পার্টনারশিপ চুক্তি সংশ্লিষ্ট পার্টনার এবং কোম্পানির মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণ করে। পার্টনারশিপের কার্যকারিতার মধ্যে যে কোনও পদক্ষেপ নেওয়ার আগে এটি পার্টনারকে সমস্ত প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে।

২.৪ যেহেতু এই চুক্তিটি ভৌগোলিকভাবে দূরবর্তী অঞ্চলে থাকা পার্টনারদের মধ্যে করা হয়েছে, তাই আইনগতভাবে বাধ্যতামূলক হওয়ার জন্য বর্তমান পার্টনারশিপ চুক্তিটি পার্টনার বা কোম্পানি বা উভয় পক্ষের দ্বারা স্বাক্ষরিত হওয়ার প্রয়োজন নেই।

২.৫ সংশ্লিষ্ট পার্টনার এতদ্বারা স্বীকার করেন যে, তিনি এই পার্টনারশিপ চুক্তিটি পড়েছেন, বুঝতে পেরেছেন এবং তার আনুশঙ্গিক নথিসহ যথাসময়ে সংশোধনের মাধ্যমে গ্রহণ করেছেন।

৩. সাধারণ বিধানসমূহ

৩.১ পার্টনারশিপ চুক্তির আইনী এবং বাধ্যবাধকতার ক্ষমতা আছে। এটি জনসাধারণের উদ্দেশ্যে দেওয়া ব্যক্তিগত বা আইনানুগ 'পাবলিক অফার' হিসেবে বিবেচিত হবে। বর্তমান চুক্তির আওতায় পার্টনারশিপ গ্রহণের পর তা অবিলম্বে কার্যকর হবে।

৩.২ পার্টনারকে অবশ্যই নিবন্ধনের সকল আবশ্যিক শর্ত পূরণ করতে হবে, যোগ্যতার শর্ত পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট এখতিয়ার ও নিয়ন্ত্রক সংস্থার প্রতিটি আবশ্যিক শর্ত পূরণ করতে হবে। এই নিবন্ধনের শর্ত, যোগ্যতার শর্ত এবং অন্যান্য নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা পার্টনারশিপ চুক্তির পুরো মেয়াদে পার্টনারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩.৩ পার্টনার গ্রাহক এবং কোম্পানির মধ্যে মধ্যস্থতাকারী হিসাবে কাজ করবে।

৩.৪ পার্টনার গ্রাহকদের কাছে কোম্পানির পণ্য ও পরিষেবার উপস্থাপন এবং ব্যাখ্যা করে এবং কোম্পানির সাথে খোলা অ্যাকাউন্টের মাধ্যমে এই ধরনের পণ্য ও সেবা ব্যবহার করতে

উৎসাহিত করার পাশাপাশি গ্রাহকদের দেওয়া অভিজ্ঞতা বাড়ানোর মাধ্যমে তার দায়িত্ব পালন করবে।

৩.৫ সংশ্লিষ্ট পার্টনার নিঃশর্তভাবে স্বীকার করে যে কোম্পানিতে রেফারকৃত সকল গ্রাহকই কোম্পানির গ্রাহক।

৩.৬ এই পার্টনারশিপ চুক্তির মূল ভাষা হল ইংরেজি। বর্তমান চুক্তির অনুবাদকৃত সংস্করণ পার্টনারকে তার সুবিধার জন্য প্রদান করা যেতে পারে। ইংরেজি সংস্করণ এবং বর্তমান চুক্তির অনুবাদকৃত সংস্করণের মধ্যে কোন অসঙ্গতি বা অসামঞ্জস্যতা থাকলে, ইংরেজি সংস্করণটি গুরুত্ব পাবে।

৩.৭ পার্টনারের অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট কোম্পানির গ্রাহক চুক্তির সাপেক্ষে গৃহীত হয়। পার্টনার এফিলিয়েট অ্যাকাউন্ট ব্যবহার করে ড্রেড সম্পাদন করতে, আমানত এবং উত্তোলন করতে পারে, যদি পার্টনার নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে, উপযুক্ততা পরীক্ষায় উত্তীর্ণ হয় এবং গ্রাহক চুক্তি অনুযায়ী উল্লেখিত সমস্ত প্রক্রিয়া সম্পাদন করে।

৩.৮ জাতীয় মুদ্রার বিনিময় হার দ্রুত পরিবর্তনশীলতার কারণে কোম্পানি পার্টনারের সাথে তার দেশের গড় বিনিময় হার ব্যবহারের অধিকার সংরক্ষণ করে।

৪. চুক্তির সূচনা ও বৈধতা

৪.১ এই পার্টনারশিপ চুক্তি আইনগতভাবে বৈধতা পাওয়ার জন্য চুক্তির পার্টনার বা কোম্পানির দ্বারা স্বাক্ষরিত হওয়ার প্রয়োজন নেই; এবং এটি একটি দূরবর্তী চুক্তি এই যুক্তিতে উক্ত চুক্তি সংশ্লিষ্ট পার্টনার কর্তৃক বাতিল করার অধিকার নেই।

৪.২ পার্টনারশিপ চুক্তি সেই তারিখ থেকে শুরু হবে যেদিন পার্টনার ইমেইলের মাধ্যমে কোম্পানির কাছ থেকে একটি নোটিশ পায়, কিন্তু সমস্ত আবশ্যিক নথিপত্র পার্টনার কর্তৃক কোম্পানিকে যথাযথভাবে প্রদান না করা পর্যন্ত চুক্তি শুরু হবে না।

৪.৩ এই পার্টনারশিপ চুক্তি পার্টনার দ্বারা স্বীকৃতি প্রদানের তারিখ থেকে ১২ মাসের জন্য বৈধ থাকবে। যদি এই চুক্তির সকল শর্ত যথাযথভাবে পূরণ করে, তাহলে চুক্তিটি অনির্দিষ্টকালের জন্য কার্যকর হবে।

৪.৪ পার্টনারশিপ চুক্তিতে পার্টনার কর্তৃক কোম্পানিতে এফিলিয়েট অ্যাকাউন্ট খোলার কথা বলা হয়েছে।

৫. গ্রাহকের সাথে যোগাযোগ

৫.১ পার্টনার কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইট থেকে সম্ভাব্য গ্রাহকদের কোম্পানি সম্পর্কে প্রাসঙ্গিক তথ্যমূলক বিজ্ঞাপন প্রদান করতে পারে, তবে শর্তানুযায়ী উক্ত তথ্য কোম্পানি কর্তৃক যাচাইকৃত হতে হবে।

৫.২ পার্টনার গ্রাহককে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে যাতে সমস্ত প্রাসঙ্গিক নির্দেশনা, পরামর্শ এবং তথ্য অন্তর্ভুক্ত থাকে যা গ্রাহককে কোম্পানির সাথে ব্রোকারেজ পরিষেবা চুক্তিতে প্রবেশ করতে সাহায্য করে। গ্রাহককে চুক্তির বিষয়বস্তু ব্যাখ্যা করাও পার্টনারের দায়িত্ব।

৫.৩ পার্টনার সম্ভাব্য গ্রাহককে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে সহায়তা করবে। গ্রাহকের জন্য অ্যাকাউন্ট খোলার পর, পাবলিক অফার চুক্তিতে স্বাক্ষর করার আগে মুদ্রা ব্যবসার সাথে সম্পর্কিত সহজাত ঝুঁকি সম্পর্কে গ্রাহককে অবহিত করতে পার্টনার বাধ্য থাকবে।

৫.৪ পার্টনার এবং কোম্পানিকে গ্রাহক কর্তৃক সরবরাহ করা সমস্ত তথ্য, নথি এবং চুক্তির আইনি বৈধতা এবং সত্যতার জন্য পার্টনার গ্যারান্টি প্রদান করবে এবং দায়িত্ব গ্রহণ করবে। এছাড়াও, পার্টনার প্রয়োজনে যেকোনো তথ্য, নথি এবং চুক্তি ইংরেজিতে অনুবাদ করবে।

৫.৫ পার্টনারের একটি আনুষঙ্গিক ওয়েবসাইট তৈরির অধিকার রয়েছে যাতে কোম্পানির ক্রিয়াকলাপ এবং এর পণ্য ও পরিষেবা সম্বন্ধে প্রাসঙ্গিক তথ্য থাকবে, যার মধ্যে ব্রোকারেজ স্টার্টআপ সম্পর্কিত পরিষেবা সম্বন্ধে প্রাসঙ্গিক তথ্য থাকবে, এবং বিজ্ঞাপন এবং তথ্যপ্রচারের উদ্দেশ্যে বিনিয়োগ সেবা রয়েছে।

৫.৬ গ্রাহক পার্টনারের সেবা প্রত্যাখ্যান করতে পারে এবং এর পরিবর্তে কোম্পানির দ্বারা প্রদানকৃত সেবা বেছে নিতে পারে।

৫.৭ নিম্নলিখিত পদ্ধতিতে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করলে তাকে গ্রাহক হিসেবে গণ্য করা হবে:

৫.৭.১ ব্যানার বা বিজ্ঞাপন লিঙ্কে ক্লিক করার মাধ্যমে গ্রাহককে অফিসিয়াল ওয়েবসাইটে নিয়ে আসবে।

৫.৭.২ গ্রাহক নিবন্ধন ফর্মে পার্টনার দ্বারা প্রদত্ত অ্যাফিলিয়েট কোড প্রবেশ করবে।

৫.৭.৩ সংশ্লিষ্ট পার্টনার কোম্পানিকে গ্রাহক দ্বারা পূরণকৃত ও স্বাক্ষরিত একটি সনাক্তকরণ ফর্ম জমা দিবে যা প্রমাণ করে যে গ্রাহক পার্টনার কর্তৃক রেফারকৃত।

৫.৮ পার্টনার কর্তৃক অবৈধ ও অনৈতিক পন্থা অবলম্বন করে গ্রাহককে রেফার করা নিষিদ্ধ। এর মধ্যে রয়েছে অফিসিয়াল ওয়েবসাইটে জোরপূর্বক রিডাইরেকশন, এফিলিয়েট গ্রুপে স্বয়ংক্রিয় নিবন্ধন এবং স্প্যামিং।

৫.৯ পার্টনারের রেফারকৃত সেই সকল অ্যাকাউন্ট যা পার্টনারের নিজস্ব, পার্টনারের স্বামী/স্ত্রী, পার্টনারের পরিবারের সদস্য কর্তৃক খোলা হয়েছে, সেই সকল অ্যাকাউন্ট থেকে কমিশন গ্রহণ করা নিষিদ্ধ। পার্টনার যদি কোন আইনগত ভাবে বৈধ সংস্থা হয় তবে সেই সংস্থার প্রতিষ্ঠাতা বা তার নিকটাত্মীয়দের অ্যাকাউন্ট থেকে কমিশন প্রাপ্তি নিষিদ্ধ।

৫.১০ অসম প্রতিযোগিতা রোধ করার জন্য গ্রাহকদের এক এফিলিয়েট গ্রুপ থেকে অন্য গ্রুপে স্থানান্তর করা নিষিদ্ধ।

৬. পার্টনারের অধিকার ও বাধ্যবাধকতা

৬.১ পার্টনার কোম্পানির অনুমোদন সাপেক্ষে বিপণন কৌশল এবং বিজ্ঞাপন প্রচারাভিযান তৈরি, পরিকল্পনা এবং বাস্তবায়নের অধিকার সংরক্ষণ করে।

৬.২ পার্টনার কোম্পানির প্রদত্ত বিপণন কৌশল, বিজ্ঞাপন প্রচার এবং প্রচারমূলক উপকরণ ব্যবহারের অধিকার সংরক্ষণ করে। এর মধ্যে রয়েছে উইজেট, ব্যানার, ল্যান্ডিং পেজ, ইনফর্মার, টেক্সট লিংক ইত্যাদি।

৬.৩ পার্টনার বিজ্ঞাপনের উদ্দেশ্যে কোম্পানির ব্র্যান্ড পণ্য ও পরিষেবার ডিজাইন ব্যবহার করার অধিকার সংরক্ষণ করে।

৬.৪ যদি পার্টনার তার নিজস্ব ওয়েবসাইট ব্যবহার করে তবে উক্ত ওয়েবসাইটে কোম্পানির প্রাসঙ্গিক তথ্য, ট্রেডমার্ক এবং অফিসিয়াল ওয়েবসাইট লিঙ্ক অন্তর্ভুক্ত করতে পার্টনার বাধ্য থাকবে।

৬.৫ পার্টনার বর্তমান চুক্তির বৈধতার সময় এবং তার সমাপ্তির পাঁচ (৫) বছরের মধ্যে কোম্পানির কাছ থেকে প্রাপ্ত যেকোনো তথ্যের গোপনীয়তা বজায় রাখতে বাধ্য।

৬.৬ পার্টনার নিবন্ধনের সময় কোম্পানিকে আইনি, বৈধ এবং সত্য তথ্য প্রদান করতে বাধ্য। তদুপরি, কোম্পানিকে তাদের জমা দেওয়া তথ্যের কোন সংশোধন সম্পর্কে অবহিত করা পার্টনারের দায়িত্ব।

৬.৭ পার্টনার নতুন গ্রাহক রেফার করতে বাধ্য। গ্রাহক কেবল তখনই রেফারকৃত হিসাবে বিবেচিত হবে যখন তারা কোম্পানির সাথে রোকারেজ পরিষেবা চুক্তি করবে এবং গ্রাহক চুক্তির আওতায় আন্তর্জাতিক আর্থিক বাজারে কাজ করবে।

৬.৮ পার্টনার কোম্পানি ও এর পণ্য, পরিষেবা এবং ক্রিয়াকলাপ সম্পর্কে ওয়াকিবহাল হতে বাধ্য। পার্টনার কোম্পানির সম্পর্কে তথ্য সঠিকভাবে শিখে এবং জানাবে। পার্টনার গ্রাহকদের নিকট কোম্পানির ব্যবসার ধরন ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্য প্রদানে সক্ষম হবে।

৬.৯ পার্টনারকে আর্থিক বাজার, আইনি দিক এবং গ্রাহকের সার্বিক অবস্থা সম্পর্কে সচেতন থাকতে হবে। গ্রাহককে যথাযথ সহায়তা প্রদানের জন্য এটি প্রয়োজনীয়।

৬.১০ গ্রাহক ও কোম্পানির ব্যবসায় সহায়তা করতে পার্টনার বাধ্য থাকবে। কোন সমস্যা দেখা দিলে, গ্রাহকের সমস্যার সমাধান করার দায়িত্ব পার্টনার গ্রহণ করবে। যদি পার্টনার সমস্যার সমাধান করতে অক্ষম হয়, অবিলম্বে সহায়তার জন্য কোম্পানির বিশেষজ্ঞদের সাথে দ্রুত যোগাযোগ করা পার্টনারের দায়িত্ব। পার্টনার প্রয়োজনীয় তথ্য যেমন অ্যাকাউন্ট নম্বর, অর্ডার টিকিট, টাইমস্ট্যাম্প ইত্যাদি প্রদান করতে বাধ্য থাকবে।

৬.১১ বর্তমান চুক্তি অনুসারে পার্টনারের কার্যকলাপে কোন বেআইনি বা বৈধ হস্তক্ষেপ অবহিত করতে পার্টনার বাধ্য থাকবে।

৬.১২ পার্টনার গ্রাহকের সমস্ত তথ্য, ডেটা এবং লেনদেন গোপন রাখতে বাধ্য থাকবে।

৬.১৩ গ্রাহকের নিকট হতে পার্টনার কর্তৃক বিলি-বন্দোবস্ত, তহবিল, জামানত ও সম্পত্তি অর্জন করা নিষিদ্ধ। এর মধ্যে রয়েছে দেশী বা বৈদেশিক মুদ্রায় নগদ অথবা নগদ-বিহীন বন্দোবস্ত।

৬.১৪ পার্টনার কর্তৃক গ্রাহকের ব্যক্তিগত তথ্য যেমন অ্যাকাউন্ট লগিন তথ্য ও পাসওয়ার্ড ব্যবহার করে গ্রাহকের চুক্তি নিবন্ধন ও গ্রহণ করা, তদুপরি গ্রাহকের লিখিত সম্মতি ও কোম্পানির অনুমোদন ব্যতীত গ্রাহকের পক্ষ থেকে গ্রাহকের অ্যাকাউন্ট ব্যবহার করে কোনরকম লেনদেন ও কর্মকান্ড নিষিদ্ধ।

৬.১৫ কোম্পানির লিখিত সম্মতি ছাড়া পার্টনার কর্তৃক তার দায়িত্ব ও কর্তৃত্ব যে কোনো তৃতীয় পক্ষের কাছে অর্পণ করা নিষিদ্ধ।

৬.১৫ পার্টনার কর্তৃক কোম্পানির ডোমেইন নাম যার মধ্যে রয়েছে, “ফরেক্সমার্ট, ট্রেডোমার্ট, এফএক্সমার্ট” ও এই সকল বানানের ভিন্নরূপ এবং অন্যান্য ভাষায় এই সকল নামের নিকটবর্তী শব্দ ব্যবহার করা নিষিদ্ধ। তদুপরি, উল্লেখিত ডোমেইন নামগুলি অনুসন্ধান ইঞ্জিনগুলিতে কীওয়ার্ড হিসাবে ব্যবহার করাও নিষিদ্ধ।

৬.১৬ পার্টনার কর্তৃক যেকোন তৃতীয়পক্ষের কাছে কোম্পানির যেকোন তথ্য সরবরাহ করা নিষিদ্ধ।

৬.১৭ পার্টনার তার স্বামী/স্ত্রী, পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের রেফার করতে পারবে না। পার্টনার যদি কোন আইনগতভাবে বৈধ কোন সংস্থা হয়, তবে উক্ত সংস্থার প্রতিষ্ঠাতার ব্যক্তিগত অ্যাকাউন্ট ও তার নিকটাত্মীয়দের অ্যাকাউন্ট রেফার করা নিষিদ্ধ।

৭ প্রতিষ্ঠানের অধিকার ও বাধ্যবাধকতা

৭.১ পার্টনার কর্তৃক জমা দেওয়া তথ্য মানি লন্ডারিং বিরোধী প্রচারণায় ব্যবহার করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।

৭.২ পার্টনারের অধিকার ও বাধ্যবাধকতা লঙ্ঘিত হলে কোনরূপ পূর্ব ঘোষণা ছাড়াই কোম্পানি পার্টনারশীপ চুক্তি ও অনুমোদিত এফিলিয়েট কমিশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৭.৩ কোম্পানি গ্রাহক সুপারিশকরণের ক্ষেত্রে ব্যবহৃত প্রচারাম্বলিয়ার অবস্থা ও ফলাফল সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ও সর্বাঙ্গীণ প্রতিবেদন দাখিল করার অনুরোধ করার অধিকার সংরক্ষণ করে।

৭.৪ গ্রাহক যদি তার অঞ্চলে নিবন্ধনের ৩০ দিনের মধ্যে অ্যাকাউন্টটি পুনরায় পূরণ না করে তবে কোম্পানির এফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকের ড্রেডিং অ্যাকাউন্ট বাদ দেয়ার অধিকার রয়েছে।

৭.৫ কোম্পানি পার্টনারশীপ চুক্তি বাতিল করার অধিকারী হবে যদি গ্রাহক এফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের পর প্রদত্ত ৩০ দিন সময়ের মধ্যে ৩ বা ততোধিক গ্রাহককে আকৃষ্ট করতে অক্ষম হয়।

৭.৬ আর্থিক বাজারে এফিলিয়েট গ্রুপ কর্তৃক পরিচালিত ড্রেডিং অপারেশন থেকে পার্টনার কর্তৃক প্রাপ্ত কমিশন এফিলিয়েট গ্রুপ এবং তার গ্রাহকদের অবহিত করার অধিকার কোম্পানির আছে।

৭.৭ পার্টনার কর্তৃক রেফারকৃত গ্রাহকদের জন্য কোম্পানি ড্রেডিং অ্যাকাউন্ট খুলতে বাধ্য, যদি তারা নিবন্ধনের প্রয়োজনীয় সকল শর্ত পূরণ করে।

৭.৮ কোম্পানি গ্রাহকদের লগইন এবং পাসওয়ার্ড দিতে বাধ্য যাতে গ্রাহকরা লেনদেন ও পরিচালনা করতে সক্ষম হয়।

৭.৯ কোম্পানি গ্রাহক দ্বারা পরিচালিত সমস্ত লেনদেন এবং পরিচালনার রেকর্ড রাখতে বাধ্য।

৭.১০ কোম্পানি পার্টনার কর্তৃক গ্রাহককে সহায়তা করার জন্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে বাধ্য যেমন: গ্রাহক কর্তৃক স্বাক্ষরিত চুক্তি এবং কোম্পানির পণ্য ও পরিষেবার ক্ষেত্রে গ্রাহকের ব্যবহার নিয়ন্ত্রণ করে এমন নিয়ম ও শর্তাবলী।

৭.১১ পার্টনার চুক্তিতে নির্দেশিত হারে কোম্পানি পার্টনারকে তার পরিষেবার জন্য অর্থ প্রদান করতে বাধ্য।

৭.১২ পার্টনারের বিপণন কৌশল, বিজ্ঞাপন প্রচারণা এবং প্রচারমূলক উপাদানের ফলাফলের জন্য কোম্পানি কোন অংশে দায়ী নয়। এ সংক্রান্ত যেকোন খরচ পার্টনারকে বহন করতে হবে।

৭.১৩ কোম্পানির অনুরোধে পার্টনার প্রচারমূলক উপাদান ব্যবহার বন্ধ করতে অস্বীকার করলে কোম্পানি এই পার্টনারশীপ চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৭.১৪ কোম্পানি এই অধিকার সংরক্ষণ করে যে, পাসপোর্ট/আইডি'র স্ক্যান করা কপি অথবা এই ধরনের নথির নোটরাইজড কপি যা পরিচয়ের প্রমাণ প্রদান করে তা পার্টনারকে যাচাইকরণ করতে হবে। অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট যাচাই করা বাধ্যতামূলক হিসেবে বিবেচিত হবে। তবে কোম্পানি নির্দিষ্ট পরিষেবাগুলিতে যাচাই করা হয়নি অ্যাকাউন্টের প্রবেশাধিকার সীমাবদ্ধ রাখার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে, পার্টনার গ্রাহকের অ্যাকাউন্ট যাচাই করবে। উপরন্তু, আইডি'র সত্যতা যাচাইয়ের দায়িত্ব পার্টনারের উপর থাকবে। যদি কোন দেশের ইস্যুকৃত আইডি'র সত্যতা যাচাইকরণের ক্ষেত্রে সন্দেহজনক কোন কিছু'র প্রমাণ মেলে তবে কোম্পানি সংশ্লিষ্ট দেশের আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করার অধিকার রাখে যা পার্টনার কর্তৃক স্বীকৃত। যদি আইডি সংক্রান্ত নথি জাল হিসেবে প্রমাণিত হয়, তাহলে আইডি ইস্যু করা দেশের বর্তমান আইন অনুসারে কোম্পানি পার্টনারকে বিচারের আওতায় আনার অধিকারী হবে।

৭.১৫ যদি পার্টনার এই পার্টনারশীপ চুক্তি লঙ্ঘন করে বা এর অধীনে কোন বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়, তাহলে কোম্পানি তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে বর্তমান চুক্তিটি বাতিল করার

অধিকার রাখে এবং সমস্ত গ্রাহককে এফিলিয়েটেড গ্রুপ থেকে এবং সেইসাথে বর্তমান চুক্তি অনুযায়ী নির্ধারিত অন্যান্য ক্রিয়া সম্পাদন থেকে বাদ দেয়ার অধিকার সংরক্ষণ করে।

৮. বিরোধ নিষ্পত্তি

৮.১ সকল পক্ষ, যেমন পার্টনার, কোম্পানি এবং গ্রাহক, বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবতীয় বিরোধ সমাধান করবে। এর মানে হল বিরোধের জন্য যেসকল আলোচনা এবং সংশ্লিষ্ট যোগাযোগ অনুষ্ঠিত হবে।

৮.২ যদি এমন কোন ঘটনার অবতারণা হয় যা দিয়ে অভিযোগ দাখিল করা যায়, তবে পার্টনার উক্ত ঘটনার তারিখ হতে ৫ কার্যদিবসের মধ্যে উক্ত অভিযোগের দায়ের করার অধিকার সংরক্ষণ করেন।

৮.৩ গ্রাহক কোম্পানীর কাছে অভিযোগ দায়ের করার অধিকার সংরক্ষণ করেন। উক্ত অভিযোগ অবশ্যই লিখিত বা টাইপ করা বা প্রিন্ট করা কাগজে ডাকযোগে কোম্পানির ঠিকানায় পাঠানো আবশ্যিক। কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটে উল্লেখিত ইমেইলের মাধ্যমেও অভিযোগ দাখিল করা যাবে। শুধুমাত্র উল্লেখিত পদ্ধতিসমূহের মাধ্যমে অভিযোগ দায়ের করা হলে তা বিবেচনাধীন হবে। অভিযোগ যদি ফোরাম, টেলিফোন বা অন্য কোন অনির্দিষ্ট যোগাযোগ মাধ্যমে করা হয় তবে তা বিবেচনায় নেয়া হবে না।

৮.৪ অভিযোগে অবশ্যই নিম্নলিখিত তথ্য থাকতে হবে:

৮.৪.১ পার্টনার বা পার্টনারের কোম্পানীর প্রথম ও দ্বিতীয় নাম।

৮.৪.২ এফিলিয়েট অ্যাকাউন্ট নাম্বার।

৮.৪.৩ অভিযোগ বা বিরোধের সংক্ষিপ্ত বিবরণ।

৮.৪.৪ অভিযোগের এমন কোন অংশ যা বিরোধ নিষ্পত্তিতে ভূমিকা পালন করতে পারে।

৮.৫ অভিযোগে নিম্নলিখিত বিবরণ থাকা উচিত নয়:

৮.৫.১ আবেগের বশবর্তী হয়ে পরিস্থিতির মূল্যায়ন।

৮.৫.২ কোন পক্ষের প্রতি অপমান, হুমকি, নিন্দা ও অন্যান্য যেকোন মৌখিক কটুক্তি।

৮.৫.৩ অপ্রয়োজনীয় বিবরণ।

৮.৬ বিরোধ নিষ্পত্তির জন্য গ্রাহক/পার্টনারের কাছ থেকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের অনুরোধ করার অধিকার কোম্পানী সংরক্ষণ করে।

৮.৭ অভিযোগ দাখিলের নিয়ম লঙ্ঘন করে এমন কোন অভিযোগ প্রত্যাহ্যান বা খারিজ করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।

৮.৮ কোম্পানি জমা দেওয়া সমস্ত অভিযোগ তদন্ত করতে বাধ্য। অভিযোগের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত দাখিল হওয়ার দিন থেকে ১০ কার্যদিবসের মধ্যে পার্টনারের ইমেইলে পৌঁছে দেওয়া হবে।

৮.৯ যখন বিরোধে নিষ্পত্তির ফলাফলে একটি পক্ষ সন্তুষ্ট না হয় বা বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার অধীনে নির্দিষ্ট সময়ের মধ্যে বিরোধ নিষ্পত্তি না হয় তখন বিরোধের সালিশি অনুমোদন করা হয়। পার্টনার বা গ্রাহক অভিযোগ দাখিলের জন্য একই নিয়ম ব্যবহার করে কোম্পানির কাছে সালিশির জন্য অনুরোধ জমা দিতে পারেন।

৯. উভয় পক্ষের মাঝে যোগাযোগ

চুক্তির পক্ষগণ পরস্পরের সাথে শুধুমাত্র নিম্নলিখিত যোগাযোগ মাধ্যম ব্যবহার করে যোগাযোগ করতে পারবে:

৯.১.১ ট্রেডিং টার্মিনালের ই-মেইল;

৯.১.২ উভয় পক্ষের ই-মেইল;

৯.১.৩ ফ্যাক্স;

৯.১.৪ ফোন;

৯.১.৫ এয়ারমেইল,

৯.১.৬ অফিসিয়াল ওয়েবসাইটের নির্ধারিত বিভাগে প্রকাশিত বিজ্ঞপ্তি ও নোটিশের মাধ্যমে

৯.১.৭ কোম্পানির দ্বারা অনুমোদিত মেসেঞ্জার অ্যাপ্লিকেশনের মাধ্যমে যেমন স্কাইপ, আইসিকিউ ইত্যাদি।

৯.২ উপরোক্ত যোগাযোগের মাধ্যম দ্বারা প্রাপ্ত মেসেজ প্রক্রিয়াকরণের শর্তাবলী নীচে বর্ণনা করা হল:

৯.২.১ ট্রেডিং টার্মিনালের ইমেল ব্যবহার করে মেসেজ পাঠানোর ১ ঘন্টা পরে;

৯.২.২ ইমেইলে মেসেজ পাঠানোর ১ ঘন্টা পরে;

৯.২.৩ ফ্যাক্সে মেসেজ পাঠানোর ১ ঘন্টা পরে,

৯.২.৪ ফোনে কথোপকথনের পর তাৎক্ষণিকভাবে;

৯.২.৫ পোস্টাল সার্ভিসের মাধ্যমে পাঠানোর ৭ দিন পর;

৯.২.৬ অফিসিয়াল ওয়েবসাইটে একটি মেসেজ পোস্ট করার ১ ঘন্টা পরে;

৯.২.৭ চ্যাটের কথোপকথনের পর তাৎক্ষণিকভাবে।

১০ এফিলিয়েট কমিশন প্রদানের শর্তাবলী

১০.১ দৈনিক কমিশন \$৫০০ ইউএস ডলার ছাড়িয়ে গেলে এবং রেফারকৃত সক্রিয় ক্লায়েন্টের সংখ্যা ১০ এর নিচে থাকলে কোম্পানি কমিশনের পরিমাণ সংশোধন করার এবং একটি অনুমোদিত অ্যাকাউন্টে ০.৫ পিপ একতরফাভাবে হ্রাস করার অধিকার সংরক্ষণ করে।

১০.২ কোম্পানি পার্টনারকে নির্ধারিত এফিলিয়েট কমিশন দিতে বাধ্য, যদি সে ৩ জনের বেশি সক্রিয় গ্রাহককে রেফার করে।

১০.৩ কোম্পানি এই পার্টনারশীপ চুক্তি, অ্যাপেন্ডিক্স ১ -এ নির্দেশিত হারে পার্টনারকে এফিলিয়েটেড কমিশন দিতে বাধ্য। গড় ইকুইটি মান উল্লেখিতরূপে গণনা করা হয়: প্রতি রিপোর্টিং মাসের শুরুতে এবং শেষে সমস্ত গ্রাহকদের অ্যাকাউন্টে ইকুইটির যোগফল ২ দ্বারা ভাগ করা হয়।

১০.৪ কমিশন গণনার ক্ষেত্রে ড্রেডিং প্ল্যাটফর্ম ত্রুটির কারণে প্রভাবিত গ্রাহকদের ড্রেডের পরিমাণ সমন্বয় করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে। এছাড়াও, কোম্পানি গ্রাহকদের এফিলিয়েট গ্রুপ থেকে ড্রেডিং প্ল্যাটফর্ম ত্রুটির জন্য দায়ী গ্রাহকদের বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করে।

১০.৫ যদি গ্রাহকের ড্রেড থেকে প্রাপ্ত কমিশন এফিলিয়েট অ্যাকাউন্টে জমা দেওয়া কমিশনের ৩০% এর বেশী হয় তবে কোম্পানি পার্টনারদের কমিশন বাতিল করার এবং গ্রাহকদের অ্যফিলিয়েট গ্রুপ থেকে বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করে। এই অধিকার আরও প্রযোজ্য হবে যদি পার্টনার এমন কোন রেফারকৃত অ্যাকাউন্ট থেকে কমিশন যার মালিক পার্টনার নিজেই, পার্টনারের স্বামী/স্ত্রী, পার্টনারের পারিবারিক সদস্য এবং পার্টনারের আত্মীয়স্বজন। পার্টনার যদি কোন আইনগতভাবে বৈধ কোন সংস্থা হয়, তবে উক্ত সংস্থার প্রতিষ্ঠাতার ব্যক্তিগত অ্যাকাউন্ট ও তার নিকটাত্মীয়দের অ্যাকাউন্ট হতে কমিশন গ্রহণ নিষিদ্ধ।

১০.৬ যদি কোম্পানি গ্রাহক চুক্তি, পার্টনারশীপ চুক্তি, বোনাস সিস্টেমের নিয়মাবলী, অথবা এই ধরনের সংশ্লিষ্ট নিয়ম এবং বিধানের কোন লঙ্ঘন শনাক্ত করে তবে পার্টনারের কমিশন বাতিল এবং গ্রাহককে এফিলিয়েট গ্রুপ থেকে বাদ দেওয়ার অধিকার কোম্পানি সংরক্ষণ করে। বিশেষত, পার্টনার কর্তৃক প্রতারণামূলক অ্যাকাউন্ট ব্যবহার করা, মূল ড্রেডিং এর ক্ষতির উদ্দেশ্যে এফিলিয়েট কমিশন ও ছাড় অর্জনের জন্য অপকৌশল ব্যবহার করা, মুনাফা অর্জনের উদ্দেশ্যে অবৈধ ও অনৈতিক পন্থা অবলম্বন করা নিষিদ্ধ।

১০.৭ পার্টনার এবং গ্রাহকের নিবন্ধনের তথ্যের কোনরূপ সাদৃশ্য পাওয়া গেলে কোম্পানি সংশ্লিষ্ট পার্টনারের কমিশন বাতিল ও এফিলিয়েট গ্রুপ থেকে বাদ দেয়ার এমনকি এই পার্টনারশীপ চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে, যেহেতু এ ধরনের কর্মকান্ড পার্টনারশীপ চুক্তির নিয়ম ও শর্তাবলী সুস্পষ্টভাবে লঙ্ঘন করে। তদুপরি, পার্টনার ও গ্রাহক একই আইপি এড্রেস ব্যবহার করলেও উপরোক্ত অধিকার প্রযোজ্য হবে।

১০.৮ ড্রেড থেকে প্রাপ্ত মুনাফা ৩ পিপের নিচে থাকলে কোম্পানি তাদের এফিলিয়েট কমিশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে। রেফারকৃত গ্রাহকদের মুনাফা লাভের প্রচেষ্টা রোধে এই ব্যবস্থা নেয়া হয়েছে, বিশেষত, উক্ত গ্রাহক যদি পার্টনার দ্বারা পরিচালিত হয়।

১০.৯ পার্টনারশীপ চুক্তি অনুযায়ী অবৈধ এবং অনৈতিক উপায়ে যদি অংশীদার কর্তৃক গ্রাহকদের রেফার করার নজির পাওয়া যায় তবে কোম্পানি কমিশন বাতিল বা এমনকি এই পার্টনারশীপ চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। উপরন্তু, যদি পার্টনার এই ধরনের পদ্ধতির মাধ্যমে সফলভাবে গ্রাহকদের আকৃষ্ট করেছে বলে প্রমাণিত হয় তবে কোম্পানি এফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকদের বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করে।

১০.১০ কোম্পানি সেই সকল ট্রেড থেকে কমিশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে যার মার্জিন বোনাস প্রোগ্রামের অংশগ্রহণকারীদের বোনাস ফান্ড থেকে আসে। তাছাড়া, এফিলিয়েট গ্রুপ থেকে এই ধরনের বোনাস প্রোগ্রামের অংশগ্রহণকারীকে বাদ দেওয়ার অধিকার কোম্পানি সংরক্ষণ করে। এই ধারাটি ইতিমধ্যেই আমানতকৃত কমিশনের ক্ষেত্রে প্রযোজ্য।

১০.১১ যদি কোনো অ্যাফিলিয়েট গ্রুপের একজন গ্রাহক কোম্পানির ডিলিং ডিপার্টমেন্টের কাছে অভিযোগ দাখিল করে, তবে কোম্পানি অনুমোদিত কমিশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অভিযোগে যদি পার্টনার কি উপায়ে কমিশন গ্রহণ করেছে সে সংক্রান্ত আদেশের ব্যতয় করার উল্লেখ থাকে তবে পার্টনারশীপ চুক্তি বাতিল ক্ষেত্রে উক্ত আদেশ ব্যবহার করা যাবে।

১০.১২ যে সকল গ্রাহকবৃন্দের মুনাফা ৫ পিপের বেশী হয় না, সেক্ষেত্রে পার্টনারের এফিলিয়েট কমিশন সমন্বয় করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।

১০.১৩ গ্রাহক কর্তৃক ট্রেডিং অ্যাকাউন্টে মোট আমানতের পরিমাণ ৬০% এর বেশী হলে সেই অ্যাকাউন্ট হতে প্রাপ্ত অ্যাফিলিয়েট কমিশন যাতে ৬০% অতিক্রম না করতে পারে তা নিশ্চিত করতে কোম্পানি অ্যাফিলিয়েট কমিশনের সামগ্রিক পরিমাণ সমন্বয় করার অধিকার সংরক্ষণ করে।

১০.১৪ পার্টনার একটি মাসিক বিশ্লেষণের জন্য অনুরোধ করার অধিকার সংরক্ষণ করে যার মধ্যে রেফারকৃত মোট গ্রাহকের সংখ্যা, গ্রাহক অ্যাকাউন্টের সংখ্যা এবং গ্রাহকদের ট্রেডিং কার্যক্রমের পর্যালোচনা থাকবে।

১০.১৫ যখন রেফারকৃত গ্রাহক ড্রেড বন্ধ করে দেবে তখন রেফারকৃত গ্রাহকদের কাছ থেকে কমিশন তাৎক্ষণিকভাবে জমা দেওয়া হবে। যদি পার্টনার এবং ক্লায়েন্ট বিভিন্ন সার্ভারে সংযুক্ত থাকে, তাহলে রেফারকৃত ক্লায়েন্ট ড্রেড বন্ধ করার পরের দিন কমিশন জমা দিবে।

১০.১৬ কোম্পানি এই পার্টনারশীপ চুক্তি, অ্যাপেন্ডিক্স ১ এ বর্ণিত নিয়ম অনুসারে পার্টনারকে কমিশন দিতে বাধ্য।

১০.১৭ পার্টিসমূহ তাদের নিজ দায়িত্বে কর গণনা ও পরিশোধ এবং অন্যান্য তৃতীয় পার্সনিক আর্থিক দায়িত্ব পালন করবে।

১০.১৮ কমিশন সিস্টেম এই পার্টনারশীপ চুক্তি, অ্যাপেন্ডিক্স ১ এ ধার্য করা হয়েছে এবং নির্দেশিত মেয়াদের মধ্যে নির্দিষ্ট পেমেন্ট সিস্টেমের মাধ্যমে অর্থ প্রদান করা হয়। যদি রেফারেলকরণের কমিশন প্রদানের জন্য একটি ক্রেডিট কার্ড বা অন্য কোনো পেমেন্ট সিস্টেম ব্যবহার করা হয়, তবে নির্দিষ্ট মেয়াদ 45 পর্যন্ত বাড়ানো যেতে পারে, যা সম্পন্নের পর সময় আবারও বাড়ানো হতে পারে। কোম্পানি এই সময়বৃদ্ধির বিষয়টি পার্টনারকে অবহিত করবে।

১১. সংশোধন ও সমাপ্তি

১১.১ কোম্পানি সংশ্লিষ্ট বিবেচনার ভিত্তিতে এই পার্টনারশীপ চুক্তিতে নির্ধারিত শর্তাবলী সংশোধন, সংযোজন ও বিয়োজন করার অধিকার সংরক্ষণ করে। সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ৫ দিন পূর্বে কোম্পানি পার্টনারকে আগাম বিজ্ঞপ্তি দিতে বাধ্য।

১১.২ অনুমোদিত যেকোন যোগাযোগের মাধ্যমে কমপক্ষে ৫ দিন পূর্বে নোটিশের শর্ত সাপেক্ষে কোম্পানি ও পার্টনার উভয়েই এই পার্টনারশীপ চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১.৩ পার্টনার এবং কোম্পানি উভয়েরই এই পার্টনারশীপ চুক্তির বাতিল করার ক্ষেত্রে আদালতকে সম্পৃক্ত করার অধিকার আছে, যদি তারা নিয়মিতভাবে পারস্পরিক বাধ্যবাধকতা লঙ্ঘন করে, শর্ত লঙ্ঘন করে, বা যেকোনো পক্ষ দায়িত্ব পালনে ব্যর্থ হয়।